**তফসিল - ১**
**[বিধি ২ (গ), ৩ ও ৭ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | পরিচালক | - | পদোন্নতির মাধমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) বা উপ-পরিচালক (ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা) পদে অন্যূন ৫ বৎসরের চাকরি।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:**<br>বিসিএস (প্রশাসন) ক্যাডারের উপসচিবগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ০২। | (ক) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৩৭ বৎসর | পদোন্নতির মাধমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) পদে অন্যূন ৭ বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে সংশ্লিষ্ট কাজে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | (খ) উপ-পরিচালক (ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা) | ৩৭ বৎসর | পদোন্নতির মাধমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>** সহকারী পরিচালক (ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা) পদে অন্যূন ৭ বৎসরের চাকরি এবং সংশ্লিষ্ট বিষয়ে দেশি বা বিদেশি স্বীকৃত জার্নালে প্রকাশিত অন্যূন ৩ (তিন) টি গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। <br> **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>** <br> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা কৃষি অর্থনীতি বা সমাজবিজ্ঞান বা সমাজতত্ত্ব বা পরিসংখ্যান বা প্রত্নতত্ত্ব বা নৃ-বিজ্ঞান বা ইতিহাস বা লোক প্রশাসন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি; <br> (খ) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে সংশ্লিষ্ট কাজে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; <br> (গ) সংশ্লিষ্ট বিষয়ে দেশি বা বিদেশি স্বীকৃত জার্নালে প্রকাশিত অন্যূন ৪ (চার) টি গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৩। | (ক) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৩২ বৎসর | (ক) মোট পদের ৭০% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী গবেষণা কর্মকর্তা, কালচারাল অফিসার, ডকুমেন্টেশন কর্মকর্তা, সহকারী কিউরেটর বা হিসাবরক্ষক পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| | (খ) সহকারী পরিচালক (ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা) | ৩২ বৎসর | (ক) মোট পদের ৭০% পদ পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী গবেষণা কর্মকর্তা, ডকুমেন্টেশন কর্মকর্তা বা সহকারী কিউরেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা কৃষি- অর্থনীতি বা সমাজবিজ্ঞান বা সমাজতত্ত্ব বা পরিসংখ্যান বা প্রত্নতত্ত্ব বা নৃ-বিজ্ঞান বা ইতিহাস বা লোক প্রশাসন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা উক্ত বিষয়সমূহে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |

